



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৫৩৫৪/

তারিখ :

বিষয় : প্রধান শিক্ষক এর বেতনভাতা বন্ধকরণ

সূত্র : ক) আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ২৫-০৭-২০১১ তারিখের ২০ নং সিদ্ধান্ত
খ) অত্র বোর্ডের ২৬-০২-২০১৫ খ্রি.তারিখের বিঅ/৬/৬৩৫৪/৫৪১৫
গ) অত্র বোর্ডের ০৯-০৪-২০১৫ খ্রি. তারিখের নং বিঅ-৬/৫৩৫৪/২৬২(৮)/৭ স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন ডি.জি.টি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব নূর মোহাম্মদ-এর বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ২৫-০৭-২০১১ খ্রি. তারিখের ২০ নং সিদ্ধান্ত মোতাবেক পুনর্বহালের জন্য অত্র বোর্ডে ১৩-০৯-২০১১ তারিখের বিঅ/-৬/৫৩৫৪/৩০৬০ স্মারক পত্র দেওয়া হয় কিন্তু জনাব নূর মোহাম্মদকে যোগদান করান নি এবং পরবর্তীতে ১৭-০৬-২০১২ তারিখের নং ৬/৫৩৫৪/১৩৯ স্মারক পত্রে সহকারী শিক্ষক জনাব নূর মোহাম্মদকে যোগদান করান। তাকে যোগদান করলেও হালনাগাদ বেতনভাতাসহ বকেয়া বেতনভাতা প্রদান করা হয়নি। এর প্রেক্ষিতে সহকারী শিক্ষক জনাব নূর মোহাম্মদ ২২-০২-২০১৫ তারিখের আবেদন অনুযায়ী অত্র বোর্ডে থেকে ২৬-০২-২০১৫ তারিখের বিঅ/৬/৬৩৫৪/৫৪১৫ স্মারক পত্রে বকেয়া বেতনভাতাদি প্রদান না করার জন্য কারণ দর্শানো হয়। এযাবত কারণ দর্শানোর জবাব পাওয়া যানি। বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত ও বোর্ডের নির্দেশ অমান্য করায় পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত প্রধান শিক্ষক, জনাব আ. ফ. ম আসাদুল আমীন (ইনডেক্স নং-২১০৩৭৪) বেতনভাতা বন্ধ রাখার জন্য আপনাকে অনুরোধ করা হল।

ম্যানেজার
রূপারী ব্যাংক লিঃ
হোসেনাবাদ শাখা
দৌলতপুর, কুষ্টিয়া

(মোহাম্মা আমীর হোসেন)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০৪২১-৬৮৬৩৪

স্মারক নং-বিঅ-৬/৫৩৫৪/ ৪২২(৬-২)

তারিখ : ২২/০৪/১৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া
- ২। উপ-পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৩। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ৭। সভাপতি, এডহক কমিটি, জি.ডি.টি মাধ্যমিক বিদ্যালয়, ডাক : গরুড়া, উপজেলা : দৌলতপুর, জেলা : কুষ্টিয়া
- ৮। প্রধান শিক্ষক, জি.ডি.টি মাধ্যমিক বিদ্যালয়, ডাক : গরুড়া, উপজেলা : দৌলতপুর, জেলা : কুষ্টিয়া
- ৯। সংরক্ষণ নথি

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর